

ফাতওয়া নাম্বার: ৫২৭

প্রকাশকাল: ৩০-১২-২০২৪ ইং

যাকাত ফাণ্ডে জমা হওয়া কাপড় বিক্রি করার বিধান

প্রশ্ন:

কোনো দ্বীনি প্রতিষ্ঠানের যাকাত সংগ্রহকারীর কাছে কেউ যদি যাকাতের লুঙ্গি, কাপড় কিংবা এ জাতীয় কিছু দেয়, তাহলে তিনি কি ওগুলো বিক্রি করে প্রতিষ্ঠানের যাকাত ফাণ্ডে অর্থ জমা দিতে পারবেন? এ ক্ষেত্রে মূলনীতি কী? বিস্তারিত জানালে অনেক উপকৃত হবো।

-আবদুল হাসীব

উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الحمد لله وسلام على عباده الذين اصطفى، أما بعد!

এখানে দুটি বিষয়ঃ

এক. যাকাতের লুঙ্গি, কাপড় ইত্যাদি বিক্রি করা জায়েয কি না?

দুই. বিক্রি করা গেলে সংগ্রহকারীগণ নিজেরা বিক্রি করতে পারবেন কি না?

প্রথম প্রশ্নের উত্তর হচ্ছে, দাতাদের অনুমতি থাকলে যাকাত হিসেবে দেওয়া জিনিস স্বাভাবিক বাজার মূল্যে বিক্রি করা যাবে। অনুমতি না থাকলে বিক্রি করা যাবে না। যদি বুঝা যায় যে, বিক্রি করে দিলে তারা অসন্তুষ্ট হবেন না, তাহলে তাও অনুমতি বলে গণ্য হবে এবং বিক্রি করা যাবে। সর্বাবস্থায় স্বাভাবিক বাজার মূল্যের বিষয়টি খেয়াল রাখতে হবে।-খানিয়া: ৩/২০৭, রদ্দুল মুহতার: ২/২৬৯, ইমদাদুল মুফতিন (জামে): ৫/৫০৯-৫১০, ফাতাওয়া দারুল উলূম করাচি: ২/৪৬৩

দ্বিতীয় প্রশ্নের উত্তর হচ্ছে, যাকাত সংগ্রহকারীগণ প্রতিষ্ঠানের অধীন। প্রতিষ্ঠানের পক্ষ থেকে যতটুকুর অনুমতি থাকবে, তারা ততটুকুই করতে পারবেন। -আহকামুস সুলতানিয়া (মাওয়ারদী): ১৭৯-১৮১, আলজাওহারাতুন নায়্যিরাহ: ২/২৪৫, রদ্দুল মুহতার: ৫/৪১৯

অতএব, যাকাতদাতা ও প্রতিষ্ঠান উভয় পক্ষ থেকে যদি বিক্রির অনুমতি থাকে, তাহলে সংগ্রহকারীরা তা বিক্রি করে যাকাত ফাওে অর্থ জমা দিতে পারবেন। অনুমতি না থাকলে বিক্রি করতে পারবেন না, বরং সংগ্রহকৃত লুঙ্গি কাপড় ইত্যাদি যা পাবেন তাই জমা দিবেন। বিক্রি করা, না করার

বিষয়ে প্রতিষ্ঠানের পরিষ্কার কোনো নির্দেশনা জানা না থাকলে, বিষয়টি প্রতিষ্ঠানের দায়িত্বশীলদের অবগত করে নির্দেশনা অনুযায়ী আমল করবেন।

فقط، والله تعالى أعلم بالصواب.

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)



০৪-০৫-১৪৪৬ হি.

০৭-১১-২০২৪ স্ট.